29

তারিখ 06 FEB 1994
পৃষ্ঠা ১ কলাম ৮

দৈনিক ইত্তেফাক



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভবন —ইত্তেফাক

# আজ চট্টগ্রাম ভার্সিটির প্রথম সমাবর্তন

ওসমান গনি মনসুর ।। দীর্ঘ ২৬ বৎসর পর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে আজ রবিবার প্রথমবারের মতো পূর্ণাঙ্গ সমাবর্তন অনুষ্ঠিত হইতে যাইতেছে। প্রধানমন্ত্রী ও চ্যান্সেলর বেগম খালেদা জিয়া সকাল ১১টায় বিশ্ববিদ্যালয় ক্রীড়া মাঠে আড়ম্বরপূর্ণ এই সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করিবেন। ইতিপূর্বে এই বিশ্ববিদ্যালয়ে ১৯৮১ সালের ১৮ই

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটির

(১ম পৃঃ পর)

জানুয়ারী নোবেল বিজয়ী বিজ্ঞানী প্রফেসর আবদুস সালামকে সম্মানসূচক ডক্টরেট ডিগ্রী প্রদান উপলক্ষে এক বিশেষ সমাবর্তন অনুষ্ঠানের আয়োজন করা হইয়াছিল। ইহাছাড়া ১৯৭৪ সালে একদফা এবং ১৯৯৩ সালে আরেক দফা সমাবর্তন অনুষ্ঠান করার উদ্যোগ নেওয়া হইয়াছিল ; কিন্তু তৎকালীন রাজনৈতিক পরিস্থিতিসহ নানাবিধ কারণে সে উদ্যোগ পরিত্যক্ত হয়। এবারের সমাবর্তনের জন্য মোট ব্যয় বরাদ্দ হইতেছে প্রায় ৩০ লক্ষ টাকা। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা সাল ১৯৬৬ হইতে ১৯৮২ সাল পর্যন্ত উত্তীর্ণ ছাত্রছাত্রীদের এবারের সমাবর্তনে অংশগ্রহণের জন্য যোগ্য বলিয়া গণ্য করা হইয়াছে। '৮২ সাল পর্যন্ত মোট উত্তীর্ণ ছাত্রছাত্রীর সংখ্যা ছিল প্রায় ৭৩ হাজার। তন্মধ্যে আজকের সমাবর্তনের জন্য রেজিস্ট্রীকৃত উক্ত সময়ের উত্তীর্ণদের সংখ্যা ২ হাজার ৬৭২ জন। অপরদিকে '৮২ সাল হইতে ৯২ সাল পর্যন্ত উত্তীর্ণ ছাত্র ছাত্রীর সংখ্যা প্রায় ১ লক্ষ ৫ হাজার। কর্তৃপক্ষীয় সূত্রে বলা হয় যে, স্থান সংকুলান এবং ব্যবস্থাপনা সুবিধার জন্য উত্তীর্ণ সকলকে এবারের সমাবর্তনের জন্য অন্তর্ভুক্ত করা যায় নাই।